# ডিজিটাল সেবার উদ্ভাবন প্রকল্প ছক

১। সেবার শিরোনাম: টিও লাইসেন্স প্রাপ্তির জন্য নামের ছাড়পত্রের আবেদন ফরম সংগ্রহ ও জমা প্রদান।

২। সেবার সংক্ষিপ্ত বিবরণ:

বাংলাদেশে বিদ্যমান বিভিন্ন বাণিজ্য সংগঠন বিশেষত: চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এবং দেশ ভিত্তিক বিভিন্ন এসোসিয়েশন বাণিজ্য মন্ত্রণালয় হতে লাইসেন্স গ্রহণ করে তাদের কার্যক্রম পরিচালনা করে থাকে। টিও লাইসেন্স প্রাপ্তির পূর্বে মন্ত্রণালয় হতে নামের ছাড়পত্র গ্রহণের জন্য আবেদন করতে হয়। নামের ছাড়পত্র গ্রহণের জন্য আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে বাণিজ্য সংগঠনের সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করতে হয়।

৩। বিদ্যমান পদ্ধতি

বর্তমানে নামের ছাড়পত্র গ্রহণের জন্য ফরম সংগ্রহ করতে আবেদনকারীকে অথবা তার মনোনীত প্রতিনিধিকে মন্ত্রণালয়ে সশরীরে আসতে হয় এবং প্রয়োজনীয় তথ্যসহ আবেদন পূরণ করে জমা প্রদান করার জন্য পুনরায় মন্ত্রণালয়ে আসতে হয়। আবেদন ফরম সংগ্রহ করা এবং জমা প্রদানের জন্য আবেদনকারী/সেবা গ্রহণকারীকে ০২ (দুই) দিন/বার সচিবালয়ে প্রবেশ করতে হয়। বিশ্বব্যাপী করোনা ভাইরাসের প্রভাবে সচিবালয়ে প্রবেশ সীমিত থাকায় আবেদনকারী/সেবা গ্রহণকারীর জন্য আবেদন ফরম সংগ্রহ ও জমা প্রদান করা অত্যন্ত পীড়াদায়ক।

৪। বিদ্যমান পদ্ধতিতে সেবার সমস্যা:

ম্যানুয়াল পদ্ধতিতে বর্তমানে আবেদন ফরম সংগ্রহ ও জমা প্রদান করতে হয়। এর ফলে সেবাগ্রহীতার সময় ক্ষেপন হয়, যাতায়াত করতে হয় ও যাতায়াতে অর্থ ব্যয় হয়।

৫। প্রস্তাবিত পদ্ধতি

টিও লাইসেন্স প্রাপ্তির জন্য নামের ছাড়পত্র গ্রহণের আবেদন ফরম বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে বাণিজ্য সংগঠনের সংশ্লিষ্ট শাখার দাপ্তরিক ই-মেইলে প্রেরণ করবেন। কোম্পানি আইন, ১৯৯৪-এর ২৮ ধারায় আবেদনকারীগণ to1@mincom.gov.bd এবং বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১-এর ৩(২) ধারায় আবেদনকারীগণ to2@mincom.gov.bd বরাবর আবেদন ই-মেইলে প্রেরণ করে

পরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়ের দাপ্তরিক ই-মেইলে (director.dto@mincom.gov.bd) কপি প্রেরণ করবেন।

৪। <u>প্রত্যাশিত ফলাফল</u>

সেবা গ্রহণকারীকে সচিবালয়ে/মন্ত্রণালয়ে আসতে হবে না, ফলে আবেদনের জন্য তার যাতায়াতের কষ্ট, সময় ও ব্যয় সাশ্রয় হবে। ঘরে বা কর্মস্থলে বসেই টিও লাইসেন্স প্রাপ্তির জন্য নামের ছাড়পত্র গ্রহণের আবেদন করতে পারবে। বর্তমান কভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য ঝুঁকি এড়াতে, জনসমাগম পরিহারে বাণিজ্য মন্ত্রণালয়ের এই ডিজিটাল সেবাটি জনগণের হয়রানি লাঘব করে ব্যবসায়িক সম্প্রীতি বৃদ্ধি ও বাণিজ্য সম্প্রসারণে ইতিবাচক ভূমিকা রাখবে এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবে।

৫। <u>ডিজিটাল সেবা পাইলটিং এর স্থান</u>: **বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়**

৬। <u>ডিজিটাল সেবা (পাইলটিং) বাস্তবায়নকারী:</u> বাণিজ্য সংগঠনের সংশ্লিষ্ট শাখার (টিও-১ ও টিও-২) কর্মকর্তা ও কর্মচারী। পরিচালক, বাণিজ্য সংগঠন ডিজিটাল সেবার কাযর্ক্রম মনিটরিং করবেন। প্রতি মাসে সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন উপস্থাপন করা হবে।

৭। <u>বাস্তবায়ন কাল:</u> জানুয়ারি ২০২১ থেকে চলমান।

৮। <u>রিসোর্স:</u> প্রয়োজন নেই।

সৈয়দা নাহিদা হাবিবা
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়